

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম।

-ঃ নিয়োগ বিজ্ঞপ্তি ঃ-

বিজ্ঞপ্তি নং-২/২০১৮

তারিখ : ১০-০৫-২০১৮

নিম্নবর্ণিত বেতন স্কেল এবং রীতি মোতাবেক দেয় অন্যান্য ভাতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

ক্রমিক	পদের নাম	অফিস	পদের সংখ্যা	বেতন স্কেল
১।	হিসাব নিয়ামক (পুনঃবিজ্ঞপ্তি)	হিসাব নিয়ামক অফিস	০১ (এক) টি স্থায়ী	৩য় গ্রেড
২।	ডেপুটি রেজিস্ট্রার (নিরাপত্তা)	নিরাপত্তা দপ্তর	০১ (এক) টি স্থায়ী	৫ম গ্রেড
৩।	সহকারী রেজিস্ট্রার (এস্টেট)	রেজিস্ট্রার অফিস	০১ (এক) টি স্থায়ী	৭ম গ্রেড

প্রয়োজনীয় যোগ্যতা ঃ

১। হিসাব নিয়ামক ঃ

প্রার্থীকে নূন্যতম অনার্সসহ এম.বি.এ ডিগ্রিধারী হতে হবে। অনার্স/মাস্টার্স ডিগ্রির যে কোন একটিতে ১ম শ্রেণিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। যে কোন সরকারি/আধাসরকারি অথবা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে উচ্চতর পদে জাতীয় বেতন স্কেলের ন্যূনপক্ষে ৫ম গ্রেডের কর্মকর্তা পদে অন্তত: ০৮ (আট) বছরের অভিজ্ঞতাসহ কর্মকর্তা হিসেবে ১৫ (পনের) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃত প্রফেশনাল শিক্ষাগত যোগ্যতা যেমন সি.এ/আই.সি.এম.এ. অর্জিত প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। আবেদনকারীর শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় শ্রেণি/বিভাগ গ্রহণযোগ্য হবে না। শর্ত পূরণ স্বাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

আবেদনের তারিখে প্রার্থীর বয়সসীমা কমপক্ষে ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে। যোগ্যতর প্রার্থীর ক্ষেত্রে শর্ত শিথিল যোগ্য।

২। ডেপুটি রেজিস্ট্রার (নিরাপত্তা) ঃ

প্রার্থীকে অবসরপ্রাপ্ত কমিশন্ড সামরিক অফিসার অথবা উচ্চ পদস্থ পুলিশ অফিসার অথবা অনুরূপ ডিসিপ্লিন্ড সার্ভিসের উচ্চ পদস্থ অফিসার হতে হবে।

৩। সহকারী রেজিস্ট্রার (এস্টেট) ঃ

প্রার্থীর এল.এল.এম.ডিগ্রি থাকতে হবে। পেশাগত/আইনগত কাজে ৭ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। স্নাতক ডিগ্রি/মাস্টার্স ডিগ্রিতে ১ম শ্রেণি প্রাপ্ত প্রার্থীদের পেশাগত/আইনগত কাজে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

প্রার্থীর এলএলবি অনার্সসহ এল.এল.এম ডিগ্রি থাকলে পেশাগত/আইনগত কাজে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার পরিচালনায় অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়।

শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি থাকলে প্রার্থীতা বিবেচিত হবে না। নিয়োগের শর্ত পূরণ হওয়া সাপেক্ষে বিভাগীয় প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

নিয়োগের শর্ত পূরণ সাপেক্ষে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য ৩০% কোটা নির্ধারিত থাকবে। এক্ষেত্রে প্রার্থীকে দরখাস্তের উপরে “মুক্তিযোদ্ধা কোটা” উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধার যথাযথ সনদপত্রের সত্যায়িত কপি দরখাস্তের সাথে সংযোজন করতে হবে।

উক্ত পদসমূহে নিয়োগ পেলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে প্রথম যোগদানের পর অন্তত: ০২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তার কোন চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট <http://www.cu.ac.bd> থেকে Download করে দরখাস্তের নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। উপরোক্ত পদসমূহের জন্য ০৮ (আট) সেট দরখাস্ত আগামী ৩১-০৫-২০১৮ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৮টা হতে বেলা ৩.৩০ মি. পর্যন্ত) গৃহীত হবে।


বাংলাদেশের অগ্রণী/জনতা ব্যাংক লি: এর যেকোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী/জনতা ব্যাংক লি:, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ৬ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) ও প্রার্থীকে সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ফটো দরখাস্তের মূল সেটের সাথে এবং মার্কসশীটসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও নাগরিকত্ব সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতিত অন্য কোন ব্যাংকে দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞপ্তির যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রি পরীক্ষায় Appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত, ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্ত (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম হিসেবে যথাসময়ে দাখিল করতে হবে।

নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

বিঃ দ্র ঃ ২১-০৪-২০১১ তারিখের বিজ্ঞপ্তি নং ৫/২০১১ অনুসারে হিসাব নিয়ামক পদে আবেদনকারী প্রার্থীদের মধ্যে শর্ত পূরণকারী প্রার্থীদের পুনরায় উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।


(কে.এম. নূর আহমদ)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ফোন নং পিএবিএক্স-৭২৬৩১১-১৪, ২৬০৬০০১-১০, ২৬০৬০১৫-২৭

এক্স-৪২০১